

## প্রেস বিজ্ঞপ্তি

“ ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেডার বৈষম্য করবে নিরসন”

### DigitALL: Innovation and technology for gender equality

‘৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস ২০২৩’ উদযাপনের অংশ হিসেবে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে) ও কর্মজীবী নারী (কেএন)’র যৌথ আয়োজনে ‘সুন্নতি’ প্রকল্পের আওতায় আগামী ২রা মার্চ ২০২৩ তারিখ বেলা ৩ টায় রবীন্দ্র সরোবর মঞ্চ, ধানমন্ডি, ঢাকা-তে এক গণসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। “ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেডার বৈষম্য করবে নিরসন (DigitALL: Innovation and technology for gender equality)” প্রতিপাদ্যকে সামনে রেখে গৃহকর্মীদের সচেতন করা এবং তাদের অধিকার বিষয়ে আওয়াজ তোলাই এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য।

এ কর্মসূচিতে সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ, মানবাধিকার ও নারীর ক্ষমতায়নে দীর্ঘদিন ধরে যুক্ত বিশিষ্টজন ও নীতিনির্ধারণকণ উপস্থিত থেকে গৃহকর্মীদের অধিকার আদায়ের প্রচেষ্টার সাথে সংহতি জ্ঞাপন করবেন বলে আশা করা হচ্ছে। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন শিরিন আখতার এমপি.; তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী; শিক্ষাবিদ, নারীনেত্রী, সমাজসেবী, মুক্তিযোদ্ধা এবং ডিএসকে’র কার্যনির্বাহী পরিষদের সহ-সভাপতি প্রফেসর মাহফুজা খানম; মানবাধিকার কর্মী, বাংলাদেশ আদিবাসী ইউনিয়নের প্রধান উপদেষ্টা এবং ডিএসকে’র নির্বাহী পরিচালক ডা. দিবালোক সিংহ; গৃহশ্রমিক অধিকার রক্ষা নেটওয়ার্কের ভারপ্রাপ্ত সমন্বয়ক আবুল হোসেন; প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো; ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার (ডিএমপি)/প্রতিনিধি, অক্সফাম ইন বাংলাদেশ এর পরিচালক (কর্মসূচী) মাহমুদা সুলতানা। এছাড়া সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের প্রতিনিধি, আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ের এনজিও প্রতিনিধি এবং ৫০০ জন গৃহকর্মী উপস্থিত থাকবেন বলে প্রত্যাশা করা হচ্ছে।

আলোচনা অনুষ্ঠানের পর গৃহকর্মীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার বিতরণী শেষে সাক্ষ্য প্রদীপ প্রজ্জলন করা হবে। এরপর গণসংগীত, বাউল সংগীত, লাঠিখেলা, নাচ ও গান, এফ মাইনরের গান পরিবেশনসহ এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

উল্লেখ্য যে, ১৮৫৭ খৃষ্টাব্দে মজুরি বৈষম্য, কর্মঘন্টা, নির্দিষ্ট করা ও কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের রাস্তায় নেমেছিল সুতা কারখানার নারীশ্রমিকেরা। এরপর সমাজতান্ত্রিক নেতা ক্লারা জেটকিনের নেতৃত্বে অনেক আন্দোলন-সংগ্রাম ও লড়াইয়ের পর ১৯৭৫ খ্রিষ্টাব্দে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস ঘোষণা করে জাতিসংঘ। ‘৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস ২০২৩’ কে সামনে রেখে ‘সুন্নতি’ প্রকল্পের গৃহকর্মীদের সচেতন করা এবং তাদের অধিকার বিষয়ে আওয়াজ তোলার লক্ষ্যে ৫০০ গৃহকর্মীর অংশগ্রহণে এ ‘গণসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান’ মানবাধিকার ও নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বিশেষভাবে ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

গৃহকর্মীদের অধিকার, মর্যাদা ও সুরক্ষায় লক্ষ্যে অক্সফাম বাংলাদেশ ও গ্লোবাল এ্যাফেয়ার্স কানাডা-এর অর্থায়ন ও সহযোগিতায় ডিএসকে, কর্মজীবী নারী, বিলস্, ইউসেপ বাংলাদেশ, গণসাক্ষরতা অভিযান, রেড অরেঞ্জ ও হ্যালো টাঙ্ক-এই সাতটি সংস্থা এর বাস্তবায়নে ‘সিকিউরিং রাইটস্ অব ওমেন ডোমেস্টিক ওয়ার্কার ইন বাংলাদেশ’- ‘সুন্নতি’ নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। মূলত ঢাকায় কর্মরত গৃহকর্মীদের জীবনমান উন্নয়ন এবং তাদের শ্রমিক হিসেবে অধিকার ও মর্যাদা নিশ্চিত করা এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

বার্তা প্রেরক

রাজশ্রী গায়ন

প্রকল্প সমন্বয়ক, দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)

যোগাযোগ : ০১৭১৪১১০৫২৬

ফারহানা আফরিন তিথি

প্রকল্প সমন্বয়ক, কর্মজীবী নারী (কেএন)

যোগাযোগ : ০১৮১২৮৬৮২৮২

